সমকাল

তারিখ 13 JAN 2015
পৃষ্ঠা ২৭ ২

রাঙামাটি মেডিকেল কলেজ

# কার্যক্রম বন্ধের দাবিতে পাহাড়ি ছাত্র পরিষদের সমাবেশ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

পার্বত্য চট্টগ্রাম চুক্তি যথাযথভাবে বাস্তবায়িত না হওয়া পর্যন্ত রাঙামাটি মেডিকেল কলেজের যাবতীয় কার্যক্রম বন্ধের দাবিতে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ ঢাকা মহানগর শাখা। সমাবেশে ১০ জানুয়ারি পাহাড়ি ছাত্র পরিষদের অবরোধে ছাত্রলীগের হামলার তীব্র নিন্দা করা হয়েছে।

পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদের ঢাকা মহানগর শাখার সভাপতি জেমশন আমলাইয়ের সভাপতিত্বে সমাবেশে পাহাড়ি ছাত্র পরিষদের নেতা কেরিংটন চাকমা, সুলভ চাকমা ঢেঙা, শুভকর চাকমা, নিপন ত্রিপুরা, বাংলাদেশ আদিবাসী ছাত্র সংগ্রাম পরিষদের সভাপতি অনন্ত ধামাই, হিল উইমেন্স ফেডারেশন কেন্দ্রীয় কমিটির সভানেত্রী চঞ্চনা চাকমা প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে বক্তারা অভিযোগ করেন, ১০ জানুয়ারি পাহাড়ি ছাত্র পরিষদ শান্তিপূর্ণভাবে অবরোধ পালনকালে আওয়ামী লীগের রাঙামাটি জেলা সভাপতি দীপংকর তালুকদারের উস্কানিতে ছাত্রলীগের সন্ত্রাসীরা হামলা চালায়। পর দিন ১৪৪ ধারা বলবৎ থাকা সত্ত্বেও ভেদভেদী এলাকায় তরুণ বিকাশ চাকমাকে অভিবাসী বাঙালিরা ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর জখম করে।

রাঙামাটির বনরূপা, কেক্কেরা, তবলছড়ি ও চম্পকনগর এলাকায় পাহাড়িদের ওপর হামলা চালানো হয়। সমাবেশ শেষে এক বিক্ষোভ মিছিল বিশ্ববিদ্যালয় এলাকা প্রদক্ষিণ করে।